35

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 25 MAY 1997
পৃষ্ঠা 8 কলাম 5

## বেসরকারী শিক্ষকদের বেতন প্রসঙ্গে

শিক্ষকতা মহান পেশা। আর এ মহান ব্রত পালনের উদ্দেশ্যে হাজার হাজার শিক্ষিত, উচ্চ শিক্ষিত লোক এ পেশাকে জীবনের আদর্শ হিসাবে নিয়াছেন। বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকগণ বহুদিন যাবৎ তাঁহাদের বেতনের শতকরা ৮০ ভাগ সরকারের অনুদান পাইয়া আসিতেছেন। ইতিমধ্যে প্রধানমন্ত্রী তাহা ১০০ ভাগে উন্নীত করা যায় কিনা সে বিষয়ে ভাবিয়া দেখিবার জন্য সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশ দিয়াছেন। প্রধানমন্ত্রীকে এজন্য অসংখ্য ধন্যবাদ। কিন্তু উক্ত ৮০ শতাংশ অনুদান পাইতে বর্তমানে শিক্ষকদের যে বিড়ম্বনা পোহাইতে হয় উহার প্রতিকারের কোন কথা প্রধানমন্ত্রী বা অন্য কেহ বলেন নাই। বর্তমানে বে-সরকারী শিক্ষকদের বেতনের সরকারী অংশ পরবর্তী মাসের শেষার্ধের পূর্বে পাওয়া যায় না। যেমন, এপ্রিল মাসের বেতন পাওয়া যাইবে ৩১শে মে বা তাহার দুই/একদিন পূর্বে। তাই কত তারিখে বেতন পাওয়া যাইবে, তাহা নিয়া প্রত্যেক শিক্ষকই উদ্বিগ্ন থাকেন। যেহেতু শিক্ষকদের বেতন দিতেই হইতেছে। তাই প্রতি মাসের এক তারিখে অথবা সরকারী শিক্ষকদের পরেই নির্দিষ্ট একটি দিনে পূর্ববর্তী মাসের বেতনের সরকারী অংশ প্রদান নিশ্চিত করার এবং সেই সাথে প্রধানমন্ত্রীর নির্দেশমত উহা ৮০ ভাগ হইতে ১০০ ভাগে উন্নীত করা যায় কিনা সে ব্যাপারে সিদ্ধান্ত চূড়ান্ত করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মোঃ গোলাম মোস্তফা, ৫০৪, হাজী খোরশেদ আলী রোড, পূর্ব জুরাইন, ঢাকা-১২০৪।